দৈনিক ইত্তেফাক

তারিখ 15 AUG 1998
পৃষ্ঠা ২০ কলাম ২

# চা শিল্পে শিক্ষাবৃত্তির সাড়ে ৮ লক্ষ টাকা বিতরণ

শ্রীমঙ্গল সংবাদদাতা ।। বিভিন্ন চা বাগানের শ্রমিক ও কর্মচারীদের পোষ্য মেধাবী ছাত্র-ছাত্রীদের মধ্যে ১৯৯৮ সনের শিক্ষাবৃত্তি হিসাবে ৮ লক্ষ ৪৮ হাজার ২ শত টাকা এবং দরিদ্র পরিবারের কন্যার বিবাহের জন্য ৯৬ হাজার টাকা বিতরণ করা হইয়াছে। সম্প্রতি শ্রীমঙ্গলস্থ বিটিআরআই হাইস্কুলে আয়োজিত এক অনুষ্ঠানে বাংলাদেশ চা বোর্ডের চেয়ারম্যান ব্রিগেডিয়ার এম, জুবায়ের সিদ্দিকী কৃতী ছাত্র-ছাত্রী ও অভিভাবকদের হাতে বৃত্তি ও অনুদানের চেক হস্তান্তর করেন।

চা শিল্পে কর্মরত শ্রমিক-কর্মচারীদের ষষ্ঠ শ্রেণী হইতে স্নাতকোত্তর পর্যায় পর্যন্ত অধ্যয়নরত ৬৮২ জন পোষ্যকে এই বছর কৃতী ছাত্র-ছাত্রী হিসাবে বিভিন্ন হারে বৃত্তি প্রদান করা হইয়াছে। ইহাছাড়াও কন্যার বিবাহের জন্য অনুদান হিসাবে পরিবার পিছু ২ হাজার টাকা করিয়া ৪৮টি পরিবারকে ৯৬ হাজার টাকা দেওয়া হইয়াছে।

অনুষ্ঠানে চা গবেষণা ইন্সটিটিউটের পরিচালক এ এফ এম বদরুল আলম, প্রকল্প উন্নয়ন ইউনিটের পরিচালক এস এ হাসিব এবং বাংলাদেশ চা শ্রমিক ইউনিয়নের সভাপতি রাজেন্দ্র প্রসাদ বুনার্জী উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, ১৯৮৭ সনে গঠিত ১ কোটি টাকার চা শ্রমিক কল্যাণ তহবিল হইতে প্রতি বৎসর এই বৃত্তি ও অনুদান দেওয়া হয়।